

মহাকালের প্লাবন

-----মোঃ গোলাম মোস্তফা

দুহাত বাড়িয়ে ডাকিছে কে যেনো

দেখিতে পাই না তারে,

এদিক ওদিক খুজে খুজে মরি

পাই না কেনো তোমারে?

কত রাত কত দিন যে গেলো

তোমারি প্রতিক্ষায়

একটি বার দেখা দাও মোরে

নাহি যদি মোর হও ।

কত পথ কত জনমানবেরে

জিগানু তোমার কথা

কে বলবে হয়! কেহ নাহি জানে

তোমার মনের কথা ।

আমি জানি তুমি আছো সারাক্ষণ

আমারি চারি পাশে,

তোমার ধ্যানে দিন রাত মোর

অশ্রু নয়নে ভাসে ।

জানি একদিন দেখা দেবে

মোরে করবে আলিঙ্গন,

আর কেহ নও তুমি যে আমার

মহা কালের প্লাবন ।

